

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
<b>প্রথম অধ্যায়</b> মন্ত্রণালয় পরিচিতি	০১-৪৬
<b>দ্বিতীয় অধ্যায়</b> স্বাস্থ্য অধিদপ্তর	৪৭-৬৭
<b>তৃতীয় অধ্যায়</b> পরিবার পরিকল্পনা অধিদপ্তর	৬৮-৮২
<b>চতুর্থ অধ্যায়</b> জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)	৮৩-৮৪
<b>পঞ্চম অধ্যায়</b> ঔষধ প্রশাসন অধিদপ্তর	৮৫-৮৬
<b>ষষ্ঠ অধ্যায়</b> স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	৮৭-৯২
<b>সপ্তম অধ্যায়</b> সেবা পরিদপ্তর	৯৩-৯৭
<b>অষ্টম অধ্যায়</b> ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিপি)	৯৮
<b>নবম অধ্যায়</b> যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ সংস্থা (টোমো)	৯৯-১০১
<b>দশম অধ্যায়</b> মেডিকেল কলেজ ও হাসপাতাল	১০২-১৫৪
<b>একাদশ অধ্যায়</b> রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভ ইন বাংলাদেশ (আরসিএইচসিআইবি)	১৫৫-১৬০
<b>দ্বাদশ অধ্যায়</b> জাতীয় পুষ্টি কার্যক্রম (এনএনপি)	১৬১-১৬৮
<b>ত্রয়োদশ অধ্যায়</b> স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও জিএনএসপি ইউনিট	১৬৯-১৭২
<b>চতুর্দশ অধ্যায়</b> মানব সম্পদ উন্নয়ন ইউনিট	১৭৩-১৭৯
<b>পঞ্চদশ অধ্যায়</b> সামাজিক স্বাস্থ্য বীমা (Social Health Insurance)	১৮০-১৮২

## অষ্টম অধ্যায়

### ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি)

#### ভূমিকা

ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) বাংলাদেশ সরকার ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার আর্থিক সহায়তায় সরকারি হাসপাতালের মৌলিক মেডিকেল যন্ত্রপাতি মেরামত, রক্ষণাবেক্ষণ ও স্থাপন এবং মেডিকেল যন্ত্রপাতি ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদান, নতুন যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত বিষয়ে যন্ত্রপাতির স্পেসিফিকেশন তৈরী, গুণগতমান নির্ণয়ের লক্ষ্যে ১৯৮৩ সনে ঢাকাস্থ, মহাখালীতে এ প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা লাভ করে। বর্তমানে এটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন অস্থায়ী রাজস্বখাতভুক্ত একটি প্রতিষ্ঠান।

#### কর্মপরিধি

সমগ্র বাংলাদেশের সরকারি হাসপাতালের মেডিকেল যন্ত্রপাতি মেরামত, রক্ষণাবেক্ষণ ও স্থাপন এবং মেডিকেল যন্ত্রপাতি ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদান। নতুন মেডিকেল যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত বিষয়ে যন্ত্রপাতির স্পেসিফিকেশন তৈরী ও গুণগতমান নির্ণয়।

#### জনবল

১ম শ্রেণী	-	১০ জন
২য় শ্রেণী	-	১৩ জন
৩য় শ্রেণী	-	৩৯ জন
৪র্থ শ্রেণী	-	২১ জন
মোট জনবল	-	৮৩ জন

#### ২০০৮-২০০৯ ও ২০০৯-২০১০ অর্থবছরের বাজেট বরাদ্দ (অনুলয়ন ও উন্নয়ন) ও ব্যয়

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়	মন্তব্য
২০০৮-২০০৯	১,৯৭,৫০ (হাজার টাকা)	১,৮১,৭৪ (হাজার টাকা)	
২০০৯-২০১০	২,৪৮,৪৬ (হাজার টাকা)	২,৪৪,৪৮ (হাজার টাকা)	

#### কর্মসম্পাদন প্রতিবেদন

অত্র দপ্তরের বিদ্যমান ৬টি শাখার মাধ্যমে হাসপাতালের চাহিদা মোতাবেক (২০০৯-২০১০) ৫৪৭ (পাঁচশত সাতচল্লিশ) টি অকেজো মেডিকেল যন্ত্রপাতি মেরামত করে সচল করা হয়েছে।

#### ভবিষ্যৎ পরিকল্পনা

জনসংখ্যা বৃদ্ধির কারণে হাসপাতালের সংখ্যা এবং প্রযুক্তির উন্নতির ফলে অত্যাধুনিক যন্ত্রপাতির সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। সময়ের ব্যবধানে অনেক কর্মকর্তা-কর্মচারী অবসর গ্রহণ করেছেন। বর্তমানে নিমিউ এন্ড টিসিতে জনবল প্রয়োজনের তুলনায় অপ্রতুল। ফলশ্রুতিতে এই দপ্তরের জনবল দিয়ে সমগ্র বাংলাদেশের হাসপাতালের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করা কঠিন হয়ে পড়েছে। কর্মপরিধি অনুযায়ী কারিগরি জনবল বৃদ্ধি ও যন্ত্রপাতির উপর উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হলে গুরুত্বপূর্ণ মেডিকেল যন্ত্রপাতি মেরামত করা সম্ভব হবে। হাসপাতালের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্য যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করার পরিকল্পনা নিয়ে নিমিউ এন্ড টিসি-কে আরও উন্নত করার প্রস্তাব স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।